

💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৩০১

৫০/ কুরআন তাফসীর (ﷺ) পরিচ্ছেদঃ সূরা আল-মুজাদালা

بَابُّ: وَمَنْ سُورَةِ الْمُجَادَلَةِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ بْنُ حُمَيْدٍ، حَدَّثَنَا يُونُسُ، عَنْ شَيْبَانَ، عَنْ قَتَادَةَ، حَدَّثَنَا أَنسُ بْنُ مَالِك، أَنَّ يَهُودِيًّا، أَتَى عَلَى النَّبِيِّ صلى الله عليه وسلم وأَصْحَابِهِ فَقَالَ السَّامُ عَلَيْكُمْ فَرَدَّ عَلَيْهِ لَقُوْمُ فَقَالَ نَبِيُّ اللَّهِ صلى الله عليه وسلم " هَلْ تَدْرُونَ مَا قَالَ هَذَا ". قَالُوا اللَّهُ وَرَسُولُهُ أَعْلَمُ سَلَّمَ يَا نَبِيُّ اللَّهِ صلى الله عليه وسلم " هَلْ تَدْرُونَ مَا قَالَ هَذَا ". قَالُوا اللَّهُ وَرَسُولُهُ أَعْلَمُ سَلَّمَ يَا نَبِيُّ اللَّهِ . قَالَ " لاَ وَلَكِنَّهُ قَالَ كَذَا وَكَذَا رُدُّوهُ عَلَى ". فَرَدُّوهُ قَالَ " قُلْتَ السَّامُ عَلَيْكُمْ ". قَالَ نَعَمْ . قَالَ نَبِيُّ اللَّهِ صلى الله عليه وسلم عِنْدَ ذَلِكَ " إِذَا سَلَّمَ عَلَيْكُمْ السَّامُ عَلَيْكُمْ ". قَالَ نَعَمْ . قَالَ نَبِيُّ اللَّهِ صلى الله عليه وسلم عِنْدَ ذَلِكَ " إِذَا سَلَّمَ عَلَيْكُمْ أَحَدٌ مِنْ أَهْلِ الْكِتَابِ فَقُولُوا عَلَيْكَ ". قَالَ " عَلَيْكُ مَا قُلْتَ ". قَالَ : (وإِذَا جَاءُوكَ حَيَّوْكَ بِمَا لَمْ يُحَيِّكَ بِهِ اللَّهُ) . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثُ حَسَنٌ صَحِيحٌ .

বাংলা

৩৩০১. আবদ ইবন হুমায়দ (রহঃ) আনাস ইবন মালিক রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, এক বার এক ইয়াহুদী নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও সাহাবীদের কছে এসে বললঃ আসসামু আলাইকুম (আস-সাম অর্থ মৃত্যু, ধ্বংস। কিন্তু ইহুদীটি এমন ভাবে এর উচ্ছারণ করলো যে, সাহাবীগন মনে করলেন সে বুঝি আসসালামু বলেছে) তারা এর জবাব দিলেন। নবীসাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ এ কি বলেছে তোমরা কি তা বুঝতে পেরেছ?

সাহাবীরা বলল আল্লাহ এবং তার রাসুলই ভাল জানেন। হে আল্লাহর নবী! এত সালাম করেছে। তিনি বললেন না সে ত অমুক কথা বলেছে। ইহুদীটিকে ফিরিয়ে নিয়ে এস। সাহাবীরা তাকে ফিরিয়ে নিয়ে এলেন। নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেনঃ তুকি আমাদেরকে আসসামু আলাইকুম বলেছিলে?

সে বলল হাাঁ। তখন নবীজী (সঃ) বললেনঃ কোন কিতাবী ব্যক্তি (ইহুদী বা খৃষ্টান) যদি তোমাদের সালাম দেয় তবে তোমরা এর উত্তরে বলবেঃ 'আলাইকা মা কুলতুা' তুমি যা বলেছ তাই তোমার উপর আপতিত হোক। আনন্তর তিনি পাঠ করলেনঃ



وإِذَا جَاءُوكَ حَيَّوْكَ بِمَا لَمْ يُحَيِّكَ بِهِ اللَّهُ

এরা যখন তোমাদের নিকট আসে তখন তারা তোমাকে এমন কথা দ্বারা আভিবাধন করে যাদ্বারা আল্লাহ তোমাকে আভিবাদন করেননি। তারা মনে মনে বলে আমরা যা বলি এর জন্য আল্লাহ আমাদের না জানি শাস্তি দিয়ে দেন। জাহান্নামই এদের যথাযোগ্য শাস্তি। যেখানে তারা প্রবেশ করবে। কত নিকৃষ্ট সেই আবাস। (সুরা মুজাদালা ৫৮ঃ ৮)।

সহীহ, ইরওয়া ৫/১১৭, মুসলিম আয়াতের উল্লেখ ব্যাতিত, তিরমিজী হাদিস নম্বরঃ ৩৩০১ [আল মাদানী প্রকাশনী]
(আবু ঈসা বলেন) হাদীসটি হাসান-সহীহ।

English

Anas bin Malik narrated that:

A Jew came to the Prophet of Allah and his Companions and said: "As-Samu Alaikum (Death be upon you)." So the people replied to him. The Prophet of Allah said: "Do you know what this person said?" They said: "Allah and His Messenger know better – he said the Salam – O Allah's Prophet." He said: "No, rather he said like this and that. Bring him back for e=me." So they brought him back and he said: "Did you say As-Samu Alaikum? He said: "Yes." So with that Allah's Prophet said: "When one of the People of the Book gives you the Salam, then say: "Alaika Ma Qulta (Whatever you said to you too)." He said: 'And when they come to you, they greet you with a greeting wherewith Allah greets you not.'

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন